গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২০৮/২০১৮-২০১৯

ঢাকা, রোববার ৫ মে ২০১৯, ২২ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ত্রাণ নিয়ে দুর্গত এলাকায় যাওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী
ঘূর্ণিঝড় ফণীতে বড় ক্ষতি না হওয়ায় শুকুরিয়া প্রধানমন্ত্রীর

২। ঘূর্ণিঝড় ফণীর বিপদ কেটে গেছে, তেমন ক্ষয়ক্ষতি হয়নি : ত্রাণ প্রতিমন্ত্রী

৩। দুর্গত এলাকায় ত্রাণ ও চিকিৎসা সহায়তা শুরু নৌবাহিনীর
ঘূর্ণিঝড় ফণী পরবর্তী দুর্যোগ মোকাবিলায় সেনাবাহিনী

৪। এসডিজি অর্জনে নারীর ভূমিকা গুরুত্বপূর্ণ : শিক্ষামন্ত্রী

৫। সিলেট-লন্ডন ফ্লাইট স্থায়ীভাবে চালু হচ্ছে : লন্ডনে সংবর্ধনা অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী

৬। দারিদ্র্য বিমোচনে যাকাত গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে :
যাকাত মেলার উদ্বোধন অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী

৭। নাগরিকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করাই প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য : পিরোজপুরে গণপূর্তমন্ত্রী

৮। বাংলাদেশ জীব নিরাপত্তা বিধানে প্রতিশ্রুতিবদ্ধ : পরিবেশমন্ত্রী

৯। বছরে বৈধ-অবৈধ পথে ২৫ বিলিয়ন ডলার রেমিট্যান্স আসে : বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী

৯। রোহিঙ্গা সঙ্কট সমাধানে দ্বিপক্ষীয় আলোচনা অব্যাহত রয়েছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

১১। ময়মনসিংহ সিটি নির্বাচনে ৪৪ কাউন্সিলর পদে ভোট আজ

১২। আন্তর্জাতিক ধাত্রী দিবস আজ

চলমান পাতা-২

**১।	ত্রাণ নিয়ে দুর্গত এলাকায় যাওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী**
**ঘূর্ণিঝড় ফণীতে বড় ক্ষতি না হওয়ায় শুকুরিয়া প্রধানমন্ত্রীর**

লন্ডনে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় ফণীতে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ নিয়ে যাওয়ার জন্য দলের নেতাদের নির্দেশ দিয়েছেন। গতকাল (৪ মে শনিবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে ফোন করে এ নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেন দলের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক ও সাংগঠনিক সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিমসহ কেন্দ্রীয় নেতারা। জাহাঙ্গীর কবির নানক সাংবাদিকদের বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফণীর আঘাতে উপকূলীয় এলাকার ক্ষয়ক্ষতি সম্পর্কে খোঁজ-খবর নেন। ফণীর আঘাতে ক্ষয়ক্ষতির পরিমাণ কম হওয়ায় আল্লাহর কাছে শুকরিয়া জ্ঞাপন করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, দুর্গত এলাকায় কেউ যেন অনাহারে না থাকে। যেসব এলাকায় ক্ষয়ক্ষতি হয়েছে প্রয়োজনে সেনাবাহিনী, বিমানবাহিনীসহ সরকারি বিভাগীয় সংস্থাকে কাজে লাগিয়ে উদ্ধার তৎপরতা চালাতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকন্ঠ** ( পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২।	ঘূর্ণিঝড় ফণীর বিপদ কেটে গেছে, তেমন ক্ষয়ক্ষতি হয়নি : ত্রাণ প্রতিমন্ত্রী**

ঘূর্ণিঝড় ফণীর বিপদ কেটে গেছে জানিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেছেন, ফণীর বিপদ কেটে গেছে। তেমন কোনো ক্ষয়ক্ষতি হয়নি। ঘূর্ণিঝড় পরবর্তী ক্ষতি কাটিয়ে উঠতে আমাদের কোনো সমস্যা হবে না। গতকাল (৪ মে রোববার) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ঘূর্ণিঝড় ফণী সংক্রান্ত এক সংবাদসম্মেলনে তিনি এ কথা জানান। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৩।	দুর্গত এলাকায় ত্রাণ ও চিকিৎসা সহায়তা শুরু নৌবাহিনীর**
**ঘূর্ণিঝড় ফণী পরবর্তী দুর্যোগ মোকাবিলায় সেনাবাহিনী**

ঘূর্ণিঝড় ফণী পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় দুর্গত এলাকাসমূহে জরুরি উদ্ধারকার্য, ত্রাণসামগ্রী বিতরণ ও চিকিৎসা সহায়তা শুরু করেছে নৌবাহিনী। গতকাল (৪ মে শনিবার) খুলনার তিতুমীর নেভাল জেটি থেকে জরুরি ত্রাণসামগ্রী ও চিকিৎসা সহায়তা নিয়ে নৌবাহিনী জাহাজ মেঘনা বরিশালের মেহেন্দীগঞ্জ ও বানৌজা তিস্তা বরিশালের হিজলার উদ্দেশ্যে যাত্রা করে। এছাড়া নৌবাহিনী জাহাজ এলসিটি-১০৪ মোংলার দিগরাজ নৌঘাঁটি থেকে সাতক্ষীরার নীলডুমুরের উদ্দেশ্যে গমন করে। পাশাপাশি চট্টগ্রাম, খুলনা ও মোংলা এলাকার নৌবাহিনীর কন্টিনজেন্ট এবং অন্য জাহাজসমূহও দ্রুততম সময়ে দুর্গত এলাকায় মোতায়েনের জন্য প্রস্তুত রাখা হয়েছে। দুর্গত এলাকাগুলোতে নৌবাহিনী জাহাজসমূহ জরুরি ত্রাণ হিসেবে শুকনো খাবার, বিনামূল্যে চিকিৎসাসেবা, জীবনরক্ষাকারী ওষুধ ও খাবার স্যালাইন বিতরণের কাজ করছে। জাহাজসমূহে ত্রাণ সহায়তা হিসেবে দুই হাজার পরিবারের জন্য তিনদিনের শুকনা খাবার মজুত করে নিয়ে যাওয়া হয়েছে।

এছাড়া ঘূণিঝড় ফণী পরবর্তী দুর্যোগ মোকাবিলায় বেসাময়িক প্রশাসনকে সহায়তায় অংশগ্রহণ করেছে বাংলাদেশ সেনাবাহিনী। বাংলাদেশ সেনাবাহিনী তার সকল এরিয়ায় সাইক্লোন মনিটরিং সেল গঠন করে সাইক্লোন মনিটরিং করেছে। সেনাবাহিনী বেসাময়িক প্রশাসনের সাথে ঘূর্ণিঝড় এর পূর্ব প্রস্তুতি এবং ঘূর্ণিঝড় পরবর্তী দুর্যোগ মোকাবিলার জন্য প্রয়োজনীয় সমন্বয় সাধন করেছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৬,ক.৪), (পৃ.১৫,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ,১,ক.৫)।

**৪।	এসডিজি অর্জনে নারীর ভূমিকা গুরুত্বপূর্ণ : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, নারীকে প্রথমে তার সম্ভাবনা সম্পর্কে জানতে হবে। সাহসী হতে হবে। সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা অর্জন করতে হবে। তিনি গতকাল (৪ মে শনিবার) রাজধানীর ধানমণ্ডিতে বেসরকারি ইউল্যাব বিশ্ববিদ্যালয় আয়োজিত ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্রীদের উইমেন লিডাশিপের ওপর এক প্রশিক্ষণে অর্জিত সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। শিক্ষামন্ত্রী এসডিজি অর্জনে নারীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে বলেন, যখনই আমরা পৃথিবী সম্পর্কে কথা বলি, উন্নয়ন নিয়ে কথা বলি এমনকি অর্থবহ জীবন নিয়ে কথা বলি সব জায়গায় নারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৬)।

৫।	**সিলেট-লন্ডন ফ্লাইট স্থায়ীভাবে চালু হচ্ছে : লন্ডনে সংবর্ধনা অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী**

কিছুদিনের মধ্যে সিলেট-লন্ডন ফ্লাইট স্থায়ীভাবে চালু হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. আব্দুল মোমেন। গত ৩ মে বৃহস্পতিবার লন্ডনের কেমডেন টাউনে মহারানী রেস্টুরেন্টে যুক্তরাজ্য যুবলীগ আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি একথা জানান। মন্ত্রী বলেন, প্রবাসীদের সুবিধার্থে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরকে আধুনিকায়ন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিন হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছেন। প্রবাসীদের উচিত বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার পথে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করা। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৩)।

৬।	**দারিদ্র্য বিমোচনে যাকাত গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে :**
**যাকাত মেলার উদ্বোধন অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, দারিদ্র্য বিমোচনে যাকাত গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। সমতা ও ন্যায্যতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে বিত্তবানদের পরিকল্পিত উপায়ে, প্রাতিষ্ঠানিকভাবে যাকাত প্রদানের আহ্বান জানান তিনি। গতকাল (৪ মে শনিবার) ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশনে (কেআইবি) ৭ম যাকাত মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। পরিকল্পনামন্ত্রী আরো বলেন, যাকাতের মাধ্যমে দারিদ্র্য দূর হতে পারে। তবে দেশের বিশাল একটি অংশ যাকাত বিষয়ে সচেতন নয় বলে তিনি মনে করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৪)।

৭।	**নাগরিকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করাই প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য : পিরোজপুরে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, দেশের সব নাগরিকের স্বাস্থ্যসেবা নিশ্চিত করাই প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য। তাই তিনি এদেশে ১৯৯৮ সালে কমিউনিটি ক্লিনিক চালু করেছিলেন। বিএনপি ক্ষমতায় এসে দেশের মানুষকে স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত করতে সে সব কমিউনিটি ক্লিনিক বন্ধ করে দিয়েছিল। আওয়ামী লীগ সরকার স্বাস্থ্যসেবা প্রতিটি মানুষের কাছে পৌঁছে দিতে বন্ধ করা কমিউনিটি ক্লিনিকগুলো ২০০৯ সালে আবারও চালু করেছে। গতকাল (৪ মে শনিবার) পিরোজপুরের নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নতুন অ্যাম্বুলেন্স উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ফিনানশিয়ালএক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১)।

৮।	**বাংলাদেশ জীব নিরাপত্তা বিধানে প্রতিশ্রুতিবদ্ধ : পরিবেশমন্ত্রী**

বাংলাদেশ জীবনিরাপত্তা বিধানে প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শাহাব উদ্দিন। তিনি বলেছেন, বাংলাদেশ জাতিসংঘ জীববৈচিত্র্য সনদের আওতায় গৃহীত জীবনিরাপত্তা বিষয়ক কার্টাহেনা চুক্তি অনুযায়ী জীবনিরাপত্তা বিধানের বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ। এ চুক্তি বাস্তবায়নে বাংলাদেশ অনেকগুলো পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল (৪ মে শনিবার) রাজধানীর মহাখালী ব্র্যাক ইন সেন্টারে পরিবেশ অধিদফতর আয়োজিত জীবনিরাপত্তা বিষয়ে এক আন্তর্জাতিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৯।	**বছরে বৈধ-অবৈধ পথে ২৫ বিলিয়ন ডলার রেমিট্যান্স আসে : বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী**

অভিবাসী শ্রমিকদের কাছ থেকে প্রতিবছর বৈধ পথে ১৫ বিলিয়ন এবং অবৈধ পথে ১০ বিলিয়ন ডলারের রেমিট্যান্স বাংলাদেশে আসে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ। গতকাল (৪ মে শনিবার) সোনারগাঁও হোটেলে দিনব্যাপী গ্লোবাল কম্প্যাক্ট ফর মাইগ্রেশন (জিসিএম) নিয়ে আঞ্চলিক পরামর্শ প্রদান অনুষ্ঠানের উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২)।

৯।	**রোহিঙ্গা সঙ্কট সমাধানে দ্বিপক্ষীয় আলোচনা অব্যাহত রয়েছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, রোহিঙ্গা সঙ্কট সমাধানে মিয়ানমারের সঙ্গে বাংলাদেশ দ্বিপক্ষীয় আলোচনা অব্যাহত রেখেছে। গতকাল (৪ মে শনিবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, ২০১৭ সাল থেকে এ পর্যন্ত মিয়ানমার রাখাইন রাজ্য থেকে ১১ লাখেরও বেশি রোহিঙ্গা নাগরিককে বাংলাদেশে ঠেলে দিয়েছে। বাংলাদেশের সীমিত সম্পদ থাকা সত্ত্বেও এসব রোহিঙ্গাদের মানবিক কারণে আমরা আশ্রয় দিয়েছি। তবে রোহিঙ্গা সঙ্কট সমাধানে বাংলাদেশ সরকার মিয়ানমারের সঙ্গে দ্বিপক্ষীয় আলোচনা ও কার্যক্রম অব্যাহত রেখেছে। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার পরিপ্রেক্ষিত তুলে ধরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, সীমান্ত বন্ধ করে দিয়ে অভিবাসন ঠেকানো কোনো সমাধান নয়। এটা একইভাবে কোনো দেশের সার্বভৌমত্ব সমুন্নত রাখার সেফগার্ডও নয়। এসব ঘটনা আমাদের আবেগের চেয়ে যুক্তি দিয়ে বিচার করতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**১১। ময়মনসিংহ সিটি নির্বাচনে ৪৪ কাউন্সিলর পদে ভোট আজ**

প্রথমবারের মতো ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে আজ রোববার। এ সিটিতে মেয়র পদে আওয়ামী লীগের প্রার্থী ইকরামুল হক টিটু বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ায় শুধু সাধারণ ও সংরক্ষিত কাউন্সিলর পদে ভোট গ্রহণ হবে। নির্বাচন কর্মকর্তারা জানান, নির্বাচন উপলক্ষে সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে। আজ (৫ মে রোববার) সকাল ৮টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। ময়মনসিংহ সিটিতে ৩৩টি সাধারণ এবং ১১টি সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে ভোট হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.১)।

**১২। আন্তর্জাতিক ধাত্রী দিবস আজ**

আজ (৫ মে রোববার) আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো আজ বাংলাদেশেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হবে। দিবসটির এবারের প্রতিপাদ্য 'নারীর অধিকার রক্ষায় মিডওয়াইফ'। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক, সংবাদ, যুগান্তর, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন :** ঘূর্ণিঝড় ফণীর প্রভাবে উপকূল এলাকার বেড়িবাঁধগুলো ভেঙ্গে নিম্নাঞ্চল প্লাবিত হওয়ায় জমির ফসল ও ঘরবাড়ির ব্যাপক ক্ষয়ক্ষতির বিষয় তুলে ধরে এসব বেড়িবাঁধ সংস্কারে স্থায়ী সমাধানের প্রত্যাশা।

**খ.** **সমকাল :** বেসরকারি শিল্প-বাণিজ্যখাতে অবসরকালীন সুবিধার জন্য সার্বজনীন পেনশন চালু করার বিষয়ে নতুন বাজেটে সুনির্দিষ্ট পরিকল্পনা রাখার সুপারিশ।

**গ.** **সংবাদ, বণিকবার্তা :** এসএমই খাতের বিকাশে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ঋণপ্রাপ্তি ও সুদবৈষম্য দূর করে শূন্য মার্জিনে বা যৌক্তিকসুদে ঋণপ্রাপ্তি  নিশ্চিত করার সুপারিশ।

**ঘ.** **বণিকবার্তা :** রাজধানীতে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রকোপ বৃদ্ধির আশঙ্কা করে মশানিধন ও জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** আসন্ন রমজানে নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে অসাধু ব্যবসায়ী সিণ্ডিকেটের বিরুদ্ধে আইনি ব্যবস্থা জোরদার করার আহ্বান।

**চ.** **ডেইলি সান :** রাজধানীর ঐতিহাসিক বাহাদুর শাহ পার্ক মাদকাসক্তদের আশ্রয়স্থল হয়ে পড়ার সংবাদ প্রকাশ করে এ ঐতিহাসিক স্থাপনা রক্ষায় সংশ্লিষ্টদের যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**ছ.** **নিউজ টুডে :** ৯০ শতাংশের বেশি পরিবহণ শ্রমিকের সাপ্তাহিক ছুটি না থাকার বিষয়ে বিলস'র প্রতিবেদন তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**জ.** **অবজারভার :** দেশের বিখ্যাত জনপ্রিয় ব্র্যাণ্ডের তেল, বোতলজাতপানি, সেমাই, লবণ, গুড়া মসলাসহ বিভিন্ন পণ্য নিম্নমাণের প্রমাণিত হওয়ায় এসব সংস্থার বিরুদ্ধে বিএসটিআইকে ব্যবস্থা গ্রহণসহ এ ব্যাপারে ব্যাপক গণসচেতনতা গড়ে তোলার প্রত্যাশা।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের উপকূলীয় এলাকার তীরবর্তী অঞ্চলে আরও অধিক বৃক্ষরোপণ করা গেলে তা ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাসের বিরুদ্ধে শক্তিশালী প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সমুদ্রে সম্ভাবনার নতুন দিগন্ত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন ধরণের চাহিদা মেটাতে জলসীমা অর্থনীতি হতে পারে আগামী দিনের প্রধান হাতিয়ার।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা